

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.legislative.gov.bd

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক নং ১.৩.১ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।


লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৯-১২-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ, রোজ রবিবার বেলা ৩.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ড্রাফটিং) ও এপিএ কমিটির টিম প্রধান জনাব এস, এম, শাফায়েত হোসেন এর সভাপতিত্বে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ভার্চুয়ালি একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা **পরিশিষ্ট-‘ক’** তে সংযুক্ত।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার বিষয়াদি উপস্থাপন করেন। এ পর্যায়ে তিনি জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা এর সূচক নং ১.৩.১ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। তিনি সভায় এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদানের পাশাপাশি এ বিভাগের কার্যপরিধি সম্পর্কেও ধারণা প্রদান করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অনুযায়ী লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা ও সাংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা দেন। সভাপতি মহোদয় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান সম্পর্কে উপস্থিত প্রতিনিধিগণের অভিমত জানতে চান। খাদ্য অধিদপ্তরের পরিচালক রেজা মোহাম্মদ মহসিন কোনো আইন এবং আইনের অধীন বিধিমালার সংশোধনের ক্ষেত্রে প্রশাসনিক দপ্তরের করণীয় সম্পর্কে জানতে চান। সভাপতি মহোদয় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের এস্টেট অফিসার রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ সম্পর্কিত আইনসমূহের বিশেষ বিশেষ ধারাসমূহ সাধারণ জনগণের বোধগম্য হবার জন্য লিফলেট আকারে ছাপানো যাবে কিনা সে সম্পর্কে জানতে চান। সভাপতি মহোদয় উক্ত প্রশ্নের জবাব প্রদান করেন এবং সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিগণ এ বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।

৩। সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিগণের সুপারিশের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যথা:-

স্টেকহোল্ডারদের নিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে আরও বেশি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এস, এম, শাফায়েত হোসেন)  
যুগ্মসচিব (ড্রাফটিং)  
এবং  
টিম প্রধান, এপিএ